যুগান্তর

তারিখ ..03 NOV..2015. ...
পৃষ্ঠা ...2... ... কলাম....9 ......

# শিক্ষা ক্যাডারের ৫০১ কর্মকর্তার পদোন্নতি

যুগান্তর রিপোর্ট

শিক্ষা ক্যাডারের ৫০১ কর্মকর্তাকে সোমবার পদোন্নতি দেয়া হয়েছে। এ দফায় প্রভাষক ও সহকারী অধ্যাপক পদ মর্যাদার দুই স্তরের কর্মকর্তারা পদোন্নতি পেয়েছেন। এদের মধ্যে প্রভাষক থেকে সহকারী অধ্যাপক হিসেবে পদোন্নতি পেয়েছেন ৩০১ জন। সহকারী অধ্যাপক থেকে সহযোগী অধ্যাপক হিসেবে পদোন্নতি পেয়েছেন ২০০ জন।

শিক্ষা মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ফাতেমা তুল জান্নাত স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে বলা হয়— ২১ অক্টোবর অনুষ্ঠিত বিভাগীয় পদোন্নতি কমিটির (ডিপিসি) সুপারিশ অনুযায়ী এসব কর্মকর্তাকে পদোন্নতি দেয়া হয়। তবে এদের মধ্যে ছয়জন প্রভাষক এবং চারজন সহকারী অধ্যাপক বর্তমানে বিভিন্ন প্রতিষ্ঠানে লিয়েন, ডেপুটেশন বা শিক্ষা ছুটিতে আছেন।